



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
আইসিটি শাখা



"শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা"

## Developing an E-Toolkit on Preventing Child Marriage' সংক্রান্ত যাচাই বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মহিউদ্দীন আহমেদ অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১০/০২/২০২২ খ্রিঃ
সভার সময়	সকাল ১০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

'Developing an E-Toolkit on Preventing Child Marriage' সংক্রান্ত যাচাই বাছাই কমিটির উপস্থিত সদস্যবৃন্দ এবং ই-টুলকিটের টেকনিক্যাল সাপোর্ট প্রোভাইডার ইউএইসআইডি উজ্জীবন প্রজেক্ট এর উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন।

০২। সভায় ই-টুলকিটের অদ্যবধি অগ্রগতি দেখে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ নেয়া হয়ঃ

আলোচনা	সিদ্ধান্ত
--------	-----------

সভায় ই-টুলকিটের বাস্তবায়ন অগ্রগতি বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতির অনুমোদনক্রমে উজ্জীবন প্রকল্প হতে চীফ অফ পার্টি জনাব ডাঃ কাজী ফয়সাল মাহমুদ ই-টুলকিটের অগ্রগতি উপস্থাপনা করেন। তিনি জানান, প্ল্যাটফর্মটি'র একটি কাঠামো প্রস্তুত হয়েছে এবং মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য একটি সময় চাওয়া যেতে পারে। সভাপতি এবং কমিটির অন্যান্য সদস্যবৃন্দ জানান, প্ল্যাটফর্মটি'র টেকনিক্যাল কাঠামো প্রস্তুত হলেও কন্টেন্ট/উপাদানের ঘাটতি রয়েছে। এক্ষেত্রে, সভাপতি মহোদয় অনুরোধ জানান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন প্রকল্প হতে ভিডিও, অডিও, তথ্য সংগ্রহ করে এই ই-টুলকিট এ সন্নিবেশ করা যেতে পারে। উপসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন, এ বিষয়ে পূর্বে সভায় উজ্জীবন প্রকল্পকে জানানো হয়েছিল। কিন্তু এ অনুযায়ী কন্টেন্ট আপডেট হয় নাই। উজ্জীবন প্রকল্প হতে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় হতে তথ্য প্রেরণের জন্য মন্ত্রণালয়ের আওতাধীন প্রকল্প সমূহকে চিঠি দেয়া হলে এক্ষেত্রে কন্টেন্ট দ্রুত পাওয়া যাবে। উপসচিব (পরিকল্পনা-২) মতামত দেন যে, বাল্যবিয়ে সংক্রান্ত শিক্ষা সহায়ক উপকরণ, স্থানীয় প্রশাসনের তথ্য, জরুরী প্রয়োজনে জনগন বাল্য বিয়ে প্রতিরোধে কি করবেন এবং কার সাথে যোগাযোগ করবেন এ ধরনের তথ্য সন্নিবেশ করা প্রয়োজন। উপসচিব (প্রশাসন-১) এ বিষয়ে বলেন যে, পরবর্তী সভার পূর্বে এ ই-টুলকিট টি নিয়ে উজ্জীবন প্রকল্পকে আরো অনেক কাজ করতে হবে এবং কন্টেন্ট সন্নিবেশ করতে হবে। এক্ষেত্রে একটি কমিটি গঠন করে উজ্জীবনের এ কাজকে মনিটরিং ও সহায়তা করতে পারে।

০১। পরবর্তী সভার পূর্বে উজ্জীবন প্রকল্প ই-টুলকিটটিকে কন্টেন্ট দিয়ে সমৃদ্ধ করবে। এ বিষয়ে মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন-২), উপসচিব (পরিকল্পনা-২) এবং প্রোগ্রামার (আইসিটি) উজ্জীবন প্রকল্পের কাজটিকে ফলোআপ করবেন এবং প্রয়োজনীয় সহায়তা দিবেন।

০২। ই-টুলকিটের জন্য কি কি তথ্য প্রয়োজন এ বিষয়ে উজ্জীবন প্রকল্প মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন-২) বরাবর একটি চিঠি দিবেন। এ চিঠির আলোকে উপসচিব (উন্নয়ন-২) হতে সকল প্রকল্পকে চিঠি দেয়া হবে। অতঃপর ০২ (দুই) সপ্তাহ সময়ের ভিতরে উজ্জীবন প্রকল্প হতে এ তথ্য সংগ্রহ করে ই-টুলকিটে সন্নিবেশ করা হবে।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



ড. মহিউদ্দীন আহমেদ

অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.১৬.০০২.২১.১৪

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৮

১৭ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) উপসচিব, প্রশাসন-১ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) উপসচিব, সেল অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৫) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) অফিস কপি



মোঃ ইনামুল হক

প্রোগ্রামার